

ছাত্রদল নেতাদের চাঁদা দাবির মুখে চবির দুটি ভবন নির্মাণ বন্ধ রেখেছে ঠিকাদার

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ এই ছাত্রী হল ও আইটি ভবনের নির্মাণ কাজ যে মাসে শুরু হয়েছে। ন্যাশনাল ভেভেলপমেন্ট ইঞ্জিনিয়ারিং লিমিটেড (এনডিই) নামক ঠিকাদারি প্রতিষ্ঠান এই নির্মাণ কাজ বরাদ্দ পায়। ইতোমধ্যে ঠিকাদার। প্রায় ১৪ কোটি টাকা ব্যয়ে (৭- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

(প্রথম পাতার পর) ছাত্রদল নেতাদের

ভবন দুটির নির্মাণসামগ্রী ক্রয়সহ প্রাথমিক কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে পুরোদমে এর কাঠামো নির্মাণের পথে রয়েছে। ঠিক সেই সুহৃতে চাঁদার হুমকি পেয়ে সংশ্লিষ্ট ঠিকাদারি কাজ বন্ধের সিদ্ধান্ত নিয়েছে বলে জানা গেছে। সূত্র জানায়, ছাত্রদলের নবগঠিত আনুষ্ঠানিক কমিটির কয়েক সদস্য টেলিফোন মারফত উক্ত ঠিকাদারি প্রতিষ্ঠানের কাছে মোটা অঙ্কের চাঁদা দাবি করে। ছাত্রদলের সাংগঠনিক পত্র উপলক্ষে দাবিকৃত এই চাঁদা বৃহস্পতিবার সকাল ৯টার মধ্যে হস্তান্তরের নির্দেশ পেয়ে সংশ্লিষ্ট ঠিকাদার চট্টগ্রাম ভাসিটির ডিসি, প্রো-ডিসিসহ চীফ ইঞ্জিনিয়ারকে বিষয়টি অবহিত করেন। অভিযোগ স্বীকার করে বিশ্ববিদ্যালয়ের চীফ ইঞ্জিনিয়ার আলমগীর চৌধুরী বৃহস্পতিবার জনকণ্ঠকে জানান, চাঁদা দাবির ঘটনা সংশ্লিষ্ট ঠিকাদার তাঁকে অবহিত করেছেন এবং নির্মাণ কাজ বন্ধের সিদ্ধান্ত জানিয়েছেন। এ ব্যাপারে চীফ ইঞ্জিনিয়ার আরও বলেন, কোন প্রকার সমঝোতা অথবা জোরজবরদস্তিভাবে নির্মাণ কাজে তাঁর কোন আশ্রয় নেই।